



BENGALI A1 – STANDARD LEVEL – PAPER 1
BENGALI A1 – NIVEAU MOYEN – ÉPREUVE 1
BENGALÍ A1 – NIVEL MEDIO – PRUEBA 1

Monday 19 May 2003 (morning)

Lundi 19 mai 2003 (matin)

Lunes 19 de mayo de 2003 (mañana)

1 hour 30 minutes / 1 heure 30 minutes / 1 hora 30 minutos

INSTRUCTIONS TO CANDIDATES

- Do not open this examination paper until instructed to do so.
- Write a commentary on one passage only. It is not compulsory for you to respond directly to the guiding questions provided. However, you may use them if you wish.

INSTRUCTIONS DESTINÉES AUX CANDIDATS

- Ne pas ouvrir cette épreuve avant d'y être autorisé.
- Rédiger un commentaire sur un seul des passages. Le commentaire ne doit pas nécessairement répondre aux questions d'orientation fournies. Vous pouvez toutefois les utiliser si vous le désirez.

INSTRUCCIONES PARA LOS ALUMNOS

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Escriba un comentario sobre un solo fragmento. No es obligatorio responder directamente a las preguntas que se ofrecen a modo de guía. Sin embargo, puede usarlas si lo desea.

(ক)

মনে আছে সেদিন সোমবার। সকাল হইতেই আকাশ মেঘাছন্ন হইয়া আছে। বেলা দশটা
 হইতে টিপ্ টিপ্ বৃষ্টি পড়িতে আরম্ভ করিল। আকাশের ভাবগতিক দেখিয়া হেডমাস্টার সকাল সকাল
 স্কুলের ছুটি দিলেন। খন্দ খন্দ কালো মেঘ যেন একটা কী মহা আয়োজনে সমস্ত দিন আকাশময়
 আনাগোনা করিয়া বেড়াইতে লাগিল। তাহার পরদিন বিকেলের দিকে মুষলধারে বৃষ্টি এবং সঙ্গে সঙ্গে
 5 বাঢ় আরম্ভ হইল। যত রাত্রি হইতে লাগিল বৃষ্টি এবং ঝড়ের বেগ বাড়িতে চলিল। প্রথমে পূর্ব দিক
 হইতে বাতাস বহিতেছিল, তখনে উভর এবং উভর-পূর্ব দিয়া বহিতে লাগিল।

এ রাত্রে ঘুমাইবার চেষ্টা করা বৃথা। মনে পড়িল, এই দুর্যোগে সুরবালা ঘরে একলা আছে।
 আমাদের স্কুলঘর তাহাদের ঘরের অপেক্ষা অনেক মজবুত। কতবার মনে করিলাম, তাহাকে স্কুলঘরে
 10 ডাকিয়া আনিয়া আমি পুকুরিণীর পাড়ের উপর রাত্রিযাপন করিব। কিন্তু কিছুতেই মন ছির করিয়া
 উঠিতে পারিলাম না। ঘর ছাড়িয়া বাহির হইলাম। সুরবালার বাড়ির দিকে চলিলাম। পথে আমাদের
 পুকুরিণীর পাড় সমুদ্র ছুটিয়া আসিতেছে। ঘর ছাড়িয়া বাহির হইলাম। সুরবালার বাড়ির দিকে চলিলাম।
 15 পথে আমাদের পুকুরিণীর পাড় - সে পর্যন্ত যাইতে না-যাইতে আমার হাঁটুজল হইল। পাড়ের উপর যখন
 উঠিয়া দাঁড়াইলাম তখন দ্বিতীয় আর-একটা তরঙ্গ আসিয়া উপস্থিত হইল। আমাদের পুকুরের পাড়ের
 একটা অংশ প্রায় দশ-এগার হাত উচ্চ হইবে।

15 পাড়ের উপরে আমিও যখন উঠিলাম, বিপরীত দিক হইতে আর-একটি লোকও উঠিল। লোকটি
 কে তাহা আমার সমস্ত অন্তরাত্মা, আমার মাথা হইতে পা পর্যন্ত বুঝিতে পারিল। এবং সেও যে আমাকে
 জানিতে পারিল, তাহাতে আমার কোন সন্দেহ নাই।

আর-সমস্ত জলমগ্ন হইয়া গেছে কেবল-হাত-পাঁচ ছয় দ্বিপের উপর দুটি ধাপী আসিয়া
 20 দাঁড়াইলাম।

তখন প্রলয়কাল, তখন আকাশে তারার আলো ছিল না এবং পৃথিবীর সমস্ত প্রদীপ নিবিয়া
 গেছে। তখন একটা কথা বলিলেও ক্ষতি ছিল না- কিন্তু একটা কথাও বলা গেল না। কেহ কাহাকেও
 একটা কুশলপ্রশংসন করিল না।

কেবল দুইজনে অঙ্ককারের দিকে চাহিয়া রহিলাম। পদতলে গাঢ় কৃষ্ণবর্ণ উম্মত মৃত্যুস্ন্মাত
 গর্জন করিয়া ছুটিয়া চলিল।

25 আজ সমন্ত বিশ্বসংসার ছাড়িয়া সুরবালা আমার কাছে আসিয়া দাঁড়াইয়াছে। আজ আমি ছাড়া
সুরবালার আর কেহ নাই। কবেকার সেই শৈশবে সুরবালা, কোন-এক জন্মান্তর, কোন-এক পুরাতন
রহস্যাঙ্ককার হইতে ভাসিয়া, এই সৃষ্টচন্দ্রালোকিত লোকপরিপূর্ণ পৃথিবীর উপরে আমারই পার্শ্বে আসিয়া
সংলগ্ন হইয়াছিল; আর, আজ কতদিন পরে সেই আলোকময় লোকময় পৃথিবী ছাড়িয়া এই ভয়ৎকর
জনশূন্য প্রলয়াঙ্ককারের মধ্যে সুরবালা একাকিনী আমারই পার্শ্বে আসিয়া উপনীত হইয়াছে। জন্মস্থানে
30 সেই নবকলিকাকে আমার কাছে আনিয়া আর-একটা চেউ আসিলেই পৃথিবীর এই প্রান্তরুক্ত হইতে
বিচ্ছেদের এই বৃষ্টিকু হইতে খসিয়া আমরা দুজনে এক হইয়া যাই।

সে চেউ না আসুক। স্মারীপুত্রগৃহধনজন লইয়া সুরবালা চিরদিন সুখে থাকুক। আমি এই এক
রাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আশ্বাদ পাইয়াছি।

রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১)

এই উদ্ধৃতিতে লেখকের বর্ণনাওক কৌশল বিষয়ে তোমার অভিমত দাও।

এই অংশে প্রকৃতির যে রূপ ও ভূমিকা দেখানো হয়েছে তা আলোচনা কর।

এই গল্পের লেখক বস্তা ও সুরবালার সম্পর্কের যে চিত্র দিয়েছেন তা বর্ণনা কর।

(খ)

তিতাস

- এ আমার শৈশবের নদী, এই জলের প্রহার
 সারাদিন তীর ভাঙ্গে, পাক খায়, ঘোলা শ্রোত টানে
 যৌবনের প্রতীকের মতো অসংখ্য নৌকার পালে
 গতির প্রবাহ হানে। মাটির কলসে জল ভরে
- ৫ ঘরে ফিরে সলিমের বউ তার ভিজে দুঁটি পায়।
 অদূরের বিল থেকে পানকৌড়ি, মাছারাঙ্গা, বক
 পাখায় জলের ফোঁটা ফেলে দিয়ে উড়ে যায় দূরে;
 জনপদে কি অধীর কোলাহল মায়াবী এ নদী
 এনেছে শ্রোতের মতো, আমি তার খুঁজিনি কিছুই।
- ১০ কিছুই খুঁজিনি আমি, যতবার এসেছি এ-তীরে
 নীরব তৃণির জন্য আনমনে বসে থেকে ঘাসে
 নির্মল বাতাস টেনে বহুক্ষণ ভরেছি এ বুক।
 একটি কাশের ফুল তারপর আঙুলে আমার
 ছিঁড়ে নিয়ে এই পথে হেঁটে চলে গেছি। শহরের
- ১৫ শেষ প্রান্তে যেখানে আমার ঘর, নরম বিছানা,
 সেখানে দেহ। অবসাদে ঘুম নেমে এলে আবার দেখেছি সেই যিকিমিকি শবরী তিতাস;
 কি গভীর জলধারা ছাড়ালো সে হৃদয়ে আমার।
 সোনার বৈঠার ঘায়ে পবনের নাও যেন আমি
 বেয়ে নিয়ে চলি একা অলৌকিক যৌবনের দেশে।

আল মাহমুদ (জন্ম - ১৯৩৬)

এই কবিতার মূল বক্তব্য কি?

নদী ও মানুষের সম্পর্কের গুরুত্ব বিষয়ে তোমার অভিমত শেখ।

এ কবিতায় ব্যবহৃত কবির ভাষা ও রূপকল্প নিয়ে আলোচনা কর।

কবিতার শেষ ৩ লাইন ব্যাখ্যা কর এবং সম্পূর্ণ কবিতার উপরাংকিতে এর গুরুত্ব তুলে ধর।